গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল

# ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলা পরিদর্শন প্রতিবেদন

পরিদর্শনকারী কর্মকর্তাগণের নাম:


জনাব মো. খলিলুর রহমান, যুগ্মসচিব ও সমন্বয়কারী, জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
জনাব আমিনুল ইসলাম, প্রোগ্রাম অফিসার, জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল

পরিদর্শনের তারিখ: ০৪ ডিসেম্বর ২০১৮

গত ০৪ ডিসেম্বর ২০১৮ তারিখ, বিকাল ৩ টা থেকে সন্ধ্যা ৬.০০ মিনিট সময়কালে জনাব খলিলুর রহমান, সমন্বয়কারী (যুগ্মসচিব), জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ পাবলিক প্লেস পরিদর্শন করেন। তিনি ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ২০০৫ (২০১৩ সালে সংশোধিত) এবং ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০১৫ বাস্তবায়ন অগ্রগতি সরেজমিন পরিদর্শন করেন। এ সময় তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন ডা. মোহাম্মদ একরাম উল্ল্যাহ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা এবং সদস্য সচিব, তামাক নিয়ন্ত্রন আইন বাস্তবায়নে গঠিত উপজেলা টাস্কফোর্স-ভালুকা ও জনাব মো. মিজানুর রহমান, উপজেলা স্যানিটারি ইনস্পেক্টর (তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা)। জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের প্রোগ্রাম অফিসার আমিনুল ইসলাম সমন্বয়কারীর সঙ্গে পরিদর্শন ও আলোচনায় উপস্থিত থেকে আলোকচিত্র গ্রহণ ও তথ্য লিপিবদ্ধ করেন।

পরিদর্শনকৃত স্থানসমূহ: (১) উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, ভালুকা (২) উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার কার্যালয়, ভালুকা, (৩) উপজেলা শহরের বিভিন্ন পাবলিক প্লেস: (৩.১) মীরা ডায়াগনোস্টিক সেন্টার ও (৩.২) থিবু ডায়াগনোস্টিক সেন্টার, (৩.৩) মাস্টার হাসপাতাল, (৩.৪) মাহির হাসপাতাল ও (৩.৫) রেস্টুরেন্ট, ইত্যাদি।

**উপজেলা নির্বাহী কর্মকর্তা, ভালুকা ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, ভালুকা এর সঙ্গে আলোচনা**



বিকাল ৪টায় উপজেলা নির্বাহী কর্মকর্তার দপ্তরে উপজেলা নির্বাহী কর্মকর্তা (সভাপতি, তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে গঠিত উপজেলা টাস্কফোর্স), ভালুকা এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা (সদস্য সচিব, তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে গঠিত উপজেলা টাস্কফোর্স), ভালুকা এর সঙ্গে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন ও উপজেলা টাস্কফোর্স কমিটি সক্রিয়করণ বিষয়ে আলোচনা হয়। জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের প্রোগ্রাম অফিসার জনাব আমিনুল ইসলাম ও উপজেলা স্যানিটারি ইনস্পেক্টর (তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা) জনাব মো. মিজানুর রহমান উপস্থিত ছিলেন।

জনাব মো. খলিলুর রহমান, সমন্বয়কারী, এনটিসিসি প্রতি মাসে অন্তত একটি মোবাইল কোর্ট তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে পরিচালনা, উপজেলা টাস্কফোর্স সভা নিয়মিতকরণে নির্দেশনা প্রদান ও টাস্কফোর্স সদস্যদের মাধ্যমে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন মনিটরিংয়ের অনুরোধ করেন। এসব মোবাইল কোর্টে প্রতিবেদন এনটিসিসি-তে প্রেরণের জন্যেও অনুরোধ জানান।

জনাব মাসুদ কামাল, উপজেলা নির্বাহী কর্মকর্তা, ভালুকা জানান যে, ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ২০০৫ (২০১৩ সালে সংশোধিত) বাস্তবায়নে প্রতি মাসে একটি মোবাইল কোর্ট পরিচালনা ও টাস্কফোর্স সক্রিয়করণের পদক্ষেপ গ্রহণ করা হবে।

ডা. মোহাম্মদ একরাম উল্ল্যাহ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, ভালুকা জানান, টাস্কফোর্স কমিটির সভা আয়োজনে পদক্ষেপ গ্রহণ করা হবে। এছাড়া আইন মনিটরিংয়ের জন্য উপজেলা স্যানিটারি ইনস্পেক্টরের মাধ্যমে অন্যান্য সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে সমন্বয় করা হবে।



(১) উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, ভালুকা

আইন অনুযায়ী উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, ভালুকা পাবলিক প্লেস ও ধূমপানমুক্ত এবং ধূমপানমুক্ত স্থান হিসাবে বিভিন্ন স্থানে নো-স্মোকিং সাইনেজ বিদ্যমান থাকা বাঞ্চনীয়। পরিদর্শনকালে -

(১) কাউকে ধূমপান করতে দেখা যায়নি, যা ইতিবাচক দিক। আইন অনুযায়ী ভবনের সব বারান্দা/কক্ষের প্রবেশ পথে নো স্মোকিং সাইনেজ সবখানে দৃশ্যমান করা দরকার। (২) ভবনের অভ্যন্তরে তামাকের বিক্রয়কেন্দ্র ছিল না।

মন্তব্য: আইন অনুযায়ী নো স্মোকিং সাইনেজ লাগানোর বিষয়টি উপজেলা নির্বাহী কর্মকর্তা-কে অবহিত করা হয়েছে।

*চিত্র: উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের নীচতলায় ডানপাশের বারান্দা।*

(২) উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার কার্যালয়, ভালুকা

















আইন অনুযায়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স তথা উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার কার্যালয় ১০০% ধূমপানমুক্ত স্থান। ধূমপানমুক্ত পাবলিক প্লেস এবং বিভিন্ন স্থানে নো-স্মোকিং সাইনেজ বিদ্যমান থাকা বাঞ্চনীয়। পরিদর্শনকালে -

(১) কাউকে ধূমপান করতে দেখা যায়নি।

(২) ভবনসমূহের প্রবেশ পথসহ বিভিন্ন স্থানে নো-স্মোকিং সাইনেজ লক্ষ্য করা গেছে।

(৩) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ভবনের অভ্যন্তরে বিভিন্ন ফ্লোরে আরও নো স্মোকিং সাইনেজ লাগানো দরকার।

(৪) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স প্রাঙ্গণে তামাকের বিক্রয়কেন্দ্র ছিল না।

মন্তব্য: আইন অনুযায়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ভবনের অভ্যন্তরে বিভিন্ন ফ্লোরে নো স্মোকিং সাইনেজ লাগানোর বিষয়টি উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ও উপজেলা স্যানিটারি ইনস্পেক্টরকে অবহিত করা হয়েছে।

(৩.১) মীরা ডায়াগনোস্টিক সেন্টার ও (৩.২) খিরু ডায়াগনোস্টিক সেন্টার






আইন অনুযায়ী মীরা ডায়াগনোস্টিক সেন্টার ও খিরু ডায়াগনোস্টিক সেন্টার ১০০% ধূমপানমুক্ত স্থান। ধূমপানমুক্ত স্থান হিসাবে বিভিন্ন স্থানে নো-স্মোকিং সাইনেজ বিদ্যমান থাকা বাঞ্চনীয়। পরিদর্শনকালে -

(১) এক কক্ষ বিশিষ্ট এসব ডায়াগনোস্টিক সেন্টারে আইন অনুযায়ী কোন নো-স্মোকিং সাইনেজ দেখা যায়নি;

(২) পরিদর্শনকালে সংশ্লিষ্ট ডায়াগনোস্টিক সেন্টারের কর্তৃপক্ষ (পরিদর্শনকালে উপস্থিত কর্মকর্তা) অতিদ্রুত নো স্মোকিং সাইনেজ লাগানোর অঙ্গীকার করেন।

**<u>মন্তব্য:</u>** উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ও উপজেলা স্যানিটারি ইনস্পেক্টর আইন অনুযায়ী ধূমপানমুক্ত সাইনেজ স্থাপন করার পদক্ষেপ গ্রহণ করবেন বলে জানান।

(৩.৩) মাস্টার হাসপাতাল ও (৩.৪) মাহির হাসপাতাল










আইন অনুযায়ী বেসরকারি এ দুটি হাসপাতাল ১০০% ধূমপানমুক্ত স্থান। ধূমপানমুক্ত স্থান হিসাবে বিভিন্ন স্থানে নো-স্মোকিং সাইনেজ বিদ্যমান থাকা বাঞ্চনীয়। পরিদর্শনকালে -

(১) একাধিক কক্ষ বিশিষ্ট হাসপাতাল দুটিতে আইন অনুযায়ী কোন নো-স্মোকিং সাইনেজ দেখা যায়নি।

**<u>মন্তব্য:</u>** হাসপাতালগুলোর কর্তৃপক্ষ (পরিদর্শনকালে উপস্থিত চিকিৎসক) অতিদ্রুত নো স্মোকিং সাইনেজ লাগানোর অঙ্গীকার করেন। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ও উপজেলা স্যানিটারি ইনস্পেক্টর আইন অনুযায়ী ধূমপানমুক্ত সাইনেজ স্থাপন করার পদক্ষেপ গ্রহণ করবেন বলে জানান।

(৩.৫) ধামরাই মিস্টান্ন ভান্ডার (৩.৬) রাজধানী হোটেল এন্ড বিরিয়ানী হাউজ, (৩.৭) হোটেল স্বাদ
















আইন অনুযায়ী বেসরকারি এ তিনটি রেস্টুরেন্ট ধূমপানমুক্ত স্থান। ধূমপানমুক্ত স্থান হিসাবে বিভিন্ন স্থানে নো-স্মোকিং সাইনেজ বিদ্যমান থাকা বাঞ্চনীয়। পরিদর্শনকালে -

(১) আইন অনুযায়ী পর্যাপ্ত নো-স্মোকিং সাইনেজ দেখা যায়নি;

(২) ধূমপানমুক্ত এলাকা সম্বলিত কাগজে লেখা স্টিকার লক্ষ্য করা গেছে;

(৩) স্যানিটারি ইনস্পেক্টর বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষে প্রকাশিত পোস্টার ছোট আকারে প্রিন্ট করে লাগিয়েছেন।

**<u>গৃহীত পদক্ষেপ:</u>** রেস্টুরেন্ট কর্তৃপক্ষ অতি দ্রুত নো স্মোকিং সাইনেজ লাগানোর অঙ্গীকার করেন। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ও উপজেলা স্যানিটারি ইনস্পেক্টর-কে আইন অনুযায়ী ধূমপানমুক্ত সাইনেজ স্থাপন করার পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

প্রতিবেদন প্রণয়নকারীর নাম ও স্বাক্ষর

প্রতিবেদন অনুমোদনকারী নাম ও স্বাক্ষর

আমিনুল ইসলাম
প্রোগ্রাম অফিসার

মো. খলিলুর রহমান
সমন্বয়কারী